গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhatpourashavabd.com



জয়পুরহাট পৌরসভাধীন শহর সমন্বয় কমিটি'র (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী (জুলাই-সেপ্টেম্বর/ ২০২৬)

সভাপতি : জনাব যাদব সরকার
প্রশাসক ও সভাপতি, শহর সমন্বয় কমিটি (TLCC) জয়পুরহাট পৌরসভা

স্থান : জয়পুরহাট পৌরসভার সম্মেলন কক্ষ

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৬

সময় : সকাল ১০.৩০ মিনিট

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য-সচিব বিগত ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করেন। কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে কমিটির সদস্যসচিব সভায় কার্যপত্র তুলে ধরেন। সভাপতি উপস্থিত সকলকে স্ব-স্ব মতামত ব্যক্ত করা অনুরোধ জানান।

সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী অফিসার, জয়পুরহাট পৌরসভা সভায় জানান যে, জয়পুরহাট পৌরসভায় চলমান নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন (IUGIP) প্রকল্পের শর্তানুযায়ী গত ২০২৫-২০২৬ অর্থবছরের অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করার জন্য প্রকল্প সদর দপ্তর থেকে পত্র প্রেরণ করেছেন। পত্রের আলোকে জয়পুরহাট পৌরসভার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে সকল শাখা কার্যক্রম পুঙ্খানুপুঙ্খ পর্যবেক্ষণ করে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। নিরীক্ষা প্রতিবেদন অনুযায়ী জয়পুরহাট পৌরসভা ২০২৫-২০২৬ অর্থবছরে মোট রাজস্ব আয় ১৭,২৬,৬৮,৬৩০.৩৪ (সতের কোটি ছাব্বিশ লক্ষ আটষট্টি হাজার আটশত ত্রিশ টাকা চৌত্রিশ পয়সা) এবং মোট রাজস্ব ব্যয় ১৭,৩১,৫৯,৮২৯.৫৮ (সতেরো কোটি বাত্রিশ লক্ষ উনষাট হাজার আটশত উনত্রিশ টাকা আটান্ন পয়সা) মাত্র। সভায় অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করা হয়। জয়পুরহাট পৌরসভার অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং নিরীক্ষা প্রতিবেদনে বড় ধরণের কোন আর্থিক অনিয়ম পরিলক্ষিত না হওয়ায় উপস্থিত সকলেই সন্তোষ প্রকাশ করেন।

সভাপতির অনুমতিক্রমে মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভার চলমান উন্নয়নমূলক কর্মকান্ডের অগ্রগতি সভাকে অবহিত করেন। উন্নয়নমূলক কর্মকান্ডের অগ্রগতি নিম্নরূপ:

(i) লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড বিকভারি প্রজেক্ট (এলজিসিআরআরপি): চলতি ২০২৬-২০২৭ অর্থবছরে এলজিসিআরআরপি-এর একটি প্যাকেজের (প্যাকেজ নম্বর-২২) কাজ চলমান রয়েছে। প্যাকেজে দুইটি স্কিম রয়েছে। তন্মধ্যে ০১ টি ড্রেন ও ০১ টি রাস্তা বিদ্যমান। কাজের অগ্রগতি ১০%।

(ii) রিজিলিয়েন্ট আরবান টেরিটোরিয়াল ডেভেলপমেন্ট প্রজেক্ট (আরইউটিডিপি): এই প্রকল্পের অধীনে ০১(এক) টি প্যাকেজের আওতায় ০৪ (চার) টি স্কিমের কাজ চলমান রয়েছে। উক্ত কাজের মধ্যে রয়েছে ০২টি মূল রাস্তা ও ০৫টি শাখা রাস্তা এবং বিভিন্ন স্থানে আরসিসি ড্রেন নির্মাণ, রাস্তা ও ড্রেনের কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৪০%।

CamScanner

(iii) বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প: এ প্রকল্পরে অধীনে ০৬ টি প্যাকেজের মধ্যে ০৮ টি স্কিম রয়েছে, যার মধ্যে ০৪ টি আরসিসি রোড এবং ০৪ টি আরসিসি ড্রেন বিদ্যমান। প্যাকেজওয়ারি কাজের অগ্রগতি: আরডি-২-১ = অগ্রগতি ৬০%, আরডি -৩-১ = অগ্রগতি ২০%, আরডি -৫-১ = অগ্রগতি ১০০%, আরডি -৬-১ = অগ্রগতি ১০%, ডিআর -১-১ = অগ্রগতি ৬০%, ডিআর-২-১= অগ্রগতি ৭০%

(iv) ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি খাতে গৃহিত প্রকল্প: চলতি ২০২৬-২০২৭ অর্থবছরে এডিপি খাতের বরাদ্দকৃত অর্থ দ্বারা ০৭ (সাত) টি প্যাকেজের দরপত্র আহবানের নিমিত্ত এপিপি প্রস্তুত করা হয়েছে। এপিপি অনুমোদিত হওয়ায় টেন্ডার ডকুমেন্টস প্রস্তুতের কাজ শেষ পর্যায়ে রয়েছে। আগামী দুই দিনের মধ্যে ই-জিপি ওয়েব পোর্টালে টেন্ডার নোটিশ প্রকাশ করা হবে। এছাড়া পৌর রাজস্ব খাত হতে ০৪টি প্যাকেজের টেন্ডার ডকুমেন্টস প্রস্তুতের কাজ চলমান রয়েছে। দ্রুততম সময়ের মধ্যে টেন্ডার নোটিশ ই-জিপি পোর্টালে প্রকাশ করা হবে। রাজস্ব স্কিমসমূহ অফিস স্টেশনারী মালামাল ক্রয়, কম্পিউটারের মালামাল ক্রয়, সিসি ক্যামেরা স্থাপন, কঞ্জারভেন্সী শাখার মালামাল ক্রয় এবং ৭৩০ টি বৃক্ষরোপণ।

পৌর নির্বাহী অফিসার, জয়পুরহাট পৌরসভা সভায় জানান যে, সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় সরকার ০৩ (তিন) মাস ব্যাপী ১২ সেপ্টেম্বর ২০২৬ তারিখ হতে ১২ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত বিশেষ কর্মসূচি গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় বিগত ১২ সেপ্টেম্বর "দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান ২০২৬" কর্মসূচির উদ্বোধন করেন। আগামী ৩ মাস প্রতি শনিবার ধারাবাহিকভাবে সকল সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান নিজ নিজ প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কার্যক্রম পরিচালনা করবে। একই সাথে জনসচেতনা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং লিফলেট বিতরণ, সভা, প্রচার প্রচারণাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে।

নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা সভায় বলেন যে, সরকার ২০৩০ সালের মধ্যে দেশের সমগ্র বিদ্যুৎ চাহিদার ৩০ ভাগ নবায়নযোগ্য জ্বালানি খাত থেকে মেটানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ খাতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৫৫০০ মেগাওয়াট। এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সরকার উদ্যোক্তা নিয়োগ করবে এবং সহজ শর্তে ঋণ দেওয়া হবে। গ্রাহক পর্যায়ে বাসা-বাড়ীর ছাদে সোলার স্থাপনের জন্য উদ্বুদ্ধ করতে বলা হয়েছে। একই সাথে সকল অফিস আদালত ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মালিকানাধীন ভবনে সোলার প্যানেল স্থাপন করতে বলা হয়েছে। গ্রাহক পর্যায়েও নেট মিটারিং এর মাধ্যমে অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করতে পারবে। এক্ষেত্রে প্রতি ইউনিটের মূল্য নির্ধারণ করা হয়েছে ১০.৫০ টাকা। তিনি আরো বলেন যে, গত ১৯/০৯/২০২৬ খ্রি: তারিখে এলজিইডি সদর দপ্তর ঢাকায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব, স্থানীয় সরকার এর উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের ভবনে সোলার প্যানেলের মাধ্যমে সৌর বিদ্যুৎ উৎপাদন ও জাতীয় গ্রিডে সরবরাহের নির্দেশনা প্রদান করা হয়।

মোঃ মোখলেছুর রহমান, নাগরিক সমাজের প্রতিনিধি সভায় জানান যে, ০১ নং ওয়ার্ডের রুপনগর এলাকায় ড্রেনের উপর ০৮-১০টি স্লাব প্রয়োজন এবং তাজুর মোড়ের দক্ষিণ পার্শ্বে ও বুলুপাড়া বলালের বাড়ীর সামনের ড্রেন মেরামত করা জরুরি। এছাড়া বুলুপাড়া ওয়াহেদের বাড়ীর সামনে ০২টি রিং দেওয়ার জন্য অনুরোধ জানান। সাধারণত ছুটির দিনে বাসা বাড়ী অনুমোদিত অংশের কাজ করা হয়। তিনি এ ব্যাপারে পৌরসভার পক্ষ হতে তদারকির অনুরোধ জানান।

মোঃ মনিহাজুল ইসলাম মানিক, নাগরিক সমাজের প্রতিনিধি সভায় জানান যে, পৌর এলাকার মধ্যে বহুতল ভবন নির্মানের ক্ষেত্রের বিল্ডিং কোড বিধিমালা অনুসরণ করা হচ্ছে না মর্মে অভিমত ব্যক্ত করেন।

আ.ন.ম মাশরেকুল আলম, সংবাদকর্মী পৌর এলাকায় নতুন নির্মিত ভবনের ক্ষেত্রে যথাযথ আইন অনুসরণের ব্যাপারে পৌরসভার পক্ষ হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

CamScanner

মোঃ ইসমাইল হোসেন, শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি সভায় জানান যে, পৌর এলাকার প্রধান প্রধান সড়কের ফুটপাত দখল হয়ে যাচ্ছে, এ ব্যাপারে পৌরসভা থেকে জরুরিভিত্তিতে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। শহরে যে সকল অটোরিক্সা চলাচল করে, সে গুলোর লাইসেন্স চেক করা দরকার। শহরে বিশেষ করে বাটার মোড় থেকে নিউ মার্কেট পর্যন্ত ব্যাপক যানজটের সৃষ্টি হচ্ছে, এসব যানজট নিরসনে অটোরিক্সার আধিক্য কমাতে হবে। অটোরিক্সা চালকদের নিরাপদে যানবাহন চলাচলের উপর প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

মোঃ আনিসুর রহমান, সাংবাদিক ও এনজিও প্রতিনিধি পৌররসভার ০১ নং ওয়ার্ডের স্টেডিয়ামের পাশ দিয়ে রাসজালের বাড়ী পর্যন্ত রাস্তাটি সংস্কারের জন্য অনুরোধ জানান।

আবুল মুনছুর মুন্টু বলেন, নাগরিক সমাজের প্রতিনিধি সভায় জানান যে, পৌরসভা কর্তৃক চকগোপাল মধ্যপাড়ায় সদ্য নির্মিত সাইড ওয়াল বেশ নিচু হওয়ার ফলে সেখানে চলাচলের অসুবিধা হচ্ছে। বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে সমাধান করার জন্য প্রশাসক, জয়পুরহাট বরাবর অনুরোধ জানান। এছাড়া চকগোপাল বড়বাড়ি এলাকায় একটি পুকুরের পাড়ের প্যালিসাইডিং ও রাস্তার মধ্যে ফাঁকা জায়গা মাটি দিয়ে পূরণ করা জরুরি। এছাড়া তিনি ১ নং রেলস্টেশনের রোড থেকে আউসগাড়া মোড় পর্যন্ত রাস্তা দ্রুত সংস্কার করা অনুরোধ জানান।

মোঃ আব্দুর রহিম, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধদিপ্তর, জয়পুরহাট হাউজিং স্টেটের মধ্যে বিদ্যমান ড্রেন পরিষ্কারের প্রয়োজনীয়তা তুলে ধরেন।

ডাঃ মোঃ আল মামুন, সিভিল সার্জন, জয়পুরহাট তার অফিসের সামনের ফুটপাত দখলমুক্ত এবং নিয়মিত ড্রেন পরিষ্কারের বিষয়টি সভায় তুলে ধরেন।

মোছাঃ বিউটি, শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি মাস্টারপাড়া স্কুল থেকে স্টেডিয়ামের প্রাচীর সংলগ্ন দক্ষিণ পাশ দিয়ে রাস্তা নির্মাণের অনুরোধ জানান। মাস্টারপাড়ায় তার বাড়ির পাশে একটি বড় ডাস্টবিন পৌরসভা থেকে স্থাপন করা হয়েছে। মহল্লায় বর্জ্যের পরিমাণ বেশি হওয়ায় তিনি আরেকটি ডাস্টবিন স্থাপনের অনুরোধ জানান। এছাড়া তিনি আরো বলেন যে, তার বাড়ীর পাশের বাড়ীর ছাদ হতে পানি পড়ে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। বিষয়টি দেখার জন্য তিনি অনুরোধ জানান।

বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	প্রতি অর্থবছররে শুরুতে অর্থাৎ জুলাই-আগস্ট মাসের মধ্যে হিসাব ও নিরীক্ষা কমিটির মাধ্যমে পৌরসভার অভ্যন্তরীণ অডিট সম্পন্ন করতে হবে এবং টিএলসিসি সভায় উপস্থাপন করতে হবে।	সকল সদস্য নিরীক্ষা ও অডিট কমিটি জয়পুরহাট পৌরসভা
২.	জয়পুরহাট পৌরসভায় নিজস্ব অর্থায়নে, এডিপি বরাদ্দ ও উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে পরিচালিত চলমান উন্নয়ন প্রকল্পসমূহের গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে করতে।	নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা
৩.	প্রতি শনিবার ধারাবাহিকভাবে জয়পুরহাট পৌর এলাকায় বিশেষ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে।	পৌর নির্বাহী অফিসার জয়পুরহাট পৌরসভা
৪.	জয়পুরহাট পৌরসভার মালিকানাধীন সকল ভবনের ছাদের রুফটপ সোলার স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকোশলী জয়পুরহাট পৌরসভা
৫.	(ক) ০১ নং ওয়ার্ডের রুপনগর এলাকায় ড্রেনের উপর ০৮-১০টি স্লাব, তাজুর মোড়ের দক্ষিণ পার্শ্বে ও বুলুপাড়া বলালের বাড়ীর সামনের ড্রেন মেরামত এবং বিষয়টি যাচাইওন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) পৌর এলাকার মধ্যে বহুতল ভবন নির্মানের ক্ষেত্রের বিল্ডিং কোড বিধিমালা অনুসরণ করা হচ্ছে কি না তা তদারকি করতে হবে। (গ) চকগোপাল মধ্যপাড়ায় সদ্য নির্মিত সাইড ওয়াল বেশ নিচু হওয়ার ফলে সেখানে	নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা

CamScanner

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
	চলাচলের অসুবিধা হচ্ছে, চকগোপাল বড়বাড়ি এলাকায় একটি পুকুরের পাড়ের প্যালিসাইডিং ও রাস্তার মধ্যে ফাঁকা জায়গা মাটি দিয়ে পূরণ এবং ১ নং রেলস্টেশনের রোড থেকে আউসগাড়া মোড় পর্যন্ত রাস্তা মেরামতের বিষয়টি যাচাইওন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) পৌররসভার ০১ নং ওয়ার্ডের স্টেডিয়ামের পাশ দিয়ে রামজানের বাড়ী পর্যন্ত রাস্তাটি সংস্কারের বিষয়টি যাচাইওন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঙ) মাস্টারপাড়া স্কুল থেকে স্টেডিয়ামের প্রাচীর সংলগ্ন দক্ষিণ পাশ দিয়ে রাস্তা নির্মাণের বিষয়টি যাচাইওন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (চ) মাস্টারপাড়া মহল্লায় বর্জ্যের পরিমাণ বেশি হওয়ায় অতিরিক্ত ০১ টি ডাস্টবিন স্থাপনের বিষয়টি যাচাইওন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
৬.	পৌরসভার মালিকানাধীন জমি বে-আইনী দখলের ক্ষেত্রে উদ্ধারের যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পৌর নির্বাহী অফিসার জয়পুরহাট পৌরসভা
৭.	পৌর এলাকা পরিদর্শনপূর্বক সকল ড্রেন পরিষ্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	কঙ্গারভেন্সি ইন্সপেক্টর জয়পুরহাট পৌরসভা
৮.	শহরের যানজট নিরসনে পৌরসভার নিয়ন্ত্রনাধীন কমিউনিটি পুলিশকে দায়িত্ব পালনে আরো তৎপর হতে হবে।	পৌর নির্বাহী অফিসার জয়পুরহাট পৌরসভা

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০৯/২০২৬

(যাদব সরকার)
প্রশাসক
জয়পুরহাট পৌরসভা
ও
সভাপতি, শহর সমন্বয় কমিটি
জয়পুরহাট পৌরসভা

স্মারক নম্বর: ৪৬.০০.৫০৩৮.০০০.০০১.০৬.০০০২.২৪ .১১৭ তারিখ: ১৪ আশ্বিন ১৪৩৩ / ২৯ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, জয়পুরহাট।
৩. জনাব .....সদস্য, শহর সমন্বয় কমিটি (TLCC), জয়পুরহাট পৌরসভা।
৪. জনাব .....জয়পুরহাট পৌরসভা।
৫. অফিস নথি।

29.09.2026

(মো: রেজাউল করিম)
পৌর নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব, TLCC
জয়পুরহাট পৌরসভা

CamScanner